



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

ওমানের সুলতানের রুহের মাগফিরাত করে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত

ঢাকা, সোমবার, ১৩ জানুয়ারি ২০২০ ॥

বাংলাদেশের অকৃত্রিম বন্ধু ওমানের সুলতান কাবুস বিন সাইদ আল সাইদের ইন্তেকালে তাঁর রুহের মাগফিরাত কামনা করে আজ (১৩ জানুয়ারি) সোমবার বাদ যোহর বায়তুল মুকাররম জাতীয় মসজিদে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। দোয়া ও মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান।

মাহফিলে ওমানের মরহুম সুলতান কাবুস বিন সাইদ আল সাইদের রুহের মাগফিরাত কামনা করে মহান আল্লাহর দরবারে মুনাজাত করা হয়। মুসলিম উম্মাহর ঐক্য, শান্তি ও সমৃদ্ধির জন্য দোয়া করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনাসহ দেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নতির জন্য মহান আল্লাহর কাছে বিশেষ প্রার্থনা করা হয়।

মাহফিলে ইসলামিক ফাউন্ডেশনের মসজিদ ও মার্কেট বিভাগের পরিচালক মুহাম্মদ মহীউদ্দিন মজুমদার এবং দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক আনিছুর রহমান সরকারসহ ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী এবং সর্বস্তরের ধর্মপ্রাণ মুসল্লী অংশগ্রহণ করেন।

(মুহাম্মদ নিজাম উদ্দিন)

সহকারী পরিচালক, জনসংযোগ

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৭২০০৪০৪৩২